



বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ

website: www.bb.org.bd

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ-১

১৬ আগস্ট ২০২৬

তারিখ: -----

০১ ভাদ্র ১৪৩৩

বিআরপিডি-১ সার্কুলার লেটার নং-২৮

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

ফল আমদানি ঋণপত্র স্থাপনের ক্ষেত্রে নগদ মার্জিন সংরক্ষণ প্রসঙ্গে

উপর্যুক্ত বিষয়ে বিআরপিডি সার্কুলার লেটার নং-৪১ তারিখ: ০৫ সেপ্টেম্বর ২০২৪ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

- ২। সূত্রোক্ত সার্কুলার লেটারের মাধ্যমে বৈশ্বিক অর্থনৈতিক অস্থিতিশীল পরিস্থিতির প্রেক্ষাপটে দেশের মুদ্রা ও ঋণ ব্যবস্থাপনা অধিকতর সুসংহত রাখার লক্ষ্যে সার্কুলারে উল্লিখিত কতিপয় বিলাসজাতীয় পণ্য এবং অভ্যন্তরীণভাবে উৎপাদিত আমদানি বিকল্প পণ্যসমূহের আমদানি ঋণপত্র স্থাপনের ক্ষেত্রে ১০০% নগদ মার্জিন সংরক্ষণ করতে হবে মর্মে নির্দেশনা প্রদান করা হয়। উল্লিখিত পণ্যসমূহের মধ্যে ফল অন্তর্ভুক্ত রয়েছে। উল্লেখ্য, জনসাধারণের বিশেষ করে শিশু, রোগী, বৃদ্ধ এবং গর্ভবতী মায়ের নিত্যদিনের খাদ্য তালিকায় ফল একটি অপরিহার্য পুষ্টিকর খাদ্য উপাদান হিসেবে বিবেচনা করা হয়। বর্তমানে দেশের বৈদেশিক মুদ্রা বিনিময় হার ও লেনদেনে কাজিত স্থিতিশীলতার ক্রমোন্নতি পরিলক্ষিত হওয়ায় ফলের আমদানি ঋণপত্র স্থাপনের ক্ষেত্রে শতভাগ মার্জিনের প্রয়োজনীয়তা হ্রাস পেয়েছে।
- ৩। বর্ণিত প্রেক্ষাপটে, দেশের জনস্বাস্থ্য এবং পুষ্টি চাহিদা পূরণের বিষয়টি বিবেচনাকরত আমদানি সহজীকরণ, মূল্য সহনীয় পর্যায়ে রাখাসহ প্রতিযোগিতামূলক বাজার সৃষ্টির মাধ্যমে প্রয়োজনীয় সরবরাহ নিশ্চিতকল্পে ফল-এর আমদানি ঋণপত্র স্থাপনের ক্ষেত্রে সংরক্ষিতব্য নগদ মার্জিনের হার ১০০% এর পরিবর্তে ব্যাংকার-গ্রাহক সম্পর্কের ভিত্তিতে নির্ধারণের জন্য নির্দেশনা প্রদান করা হলো।
- ৪। এতদ্ব্যতীত, বিআরপিডি সার্কুলার লেটার নং-৪১/২০২৪ ও তৎসূত্রে জারিকৃত সার্কুলার লেটারসমূহে বর্ণিত অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।
- ৫। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ২৯ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হল যা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(গাজী মোঃ মাহফুজুল ইসলাম)

পরিচালক (বিআরপিডি-১)

ফোনঃ ৯৫৩০২৫২